# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**11-05-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে প্রয়োজনীয় জমি হস্তান্তর করা হবে বলে নতুন রাজ্য সরকারের মন্ত্রিসভার প্রথম বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, পাশাপাশি চালু থাকা কোনো সামাজিক প্রকল্পও বন্ধ করা হচ্ছে না।

২০১৫ সাল থেকে বিভিন্ন ক্ষেত্রে নিয়োগ বন্ধ থাকায় সরকারী চাকরির ক্ষেত্রে আবেদনের জন্য বয়সের উর্ধ্বসীমা পাঁচ বছর বাড়ানো হয়েছে।

২) রাজ্য মন্ত্রিসভায় পাঁচ মন্ত্রীর দপ্তর বন্টন।

৩) রাজ্যের নতুন মুখ্য সচিব হচ্ছেন মনোজ কুমার আগারওয়াল।

৪) গ্রামীণ এলাকায় প্রতিটি বাড়িতে নল বাহিত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দিতে কেন্দ্র, জল জীবন মিশন প্রকল্পে রাজ্যকে দু হাজার ৭০০ কোটি টাকা দেওয়ার জন্য সম্মতি দিয়েছে।

৫) শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় উত্তরপ্রদেশ থেকে ধৃত ৩ জনকে তেরো দিনের পুলিশ হেফাজতের নির্দেশ।

৬) পশ্চিমবঙ্গের এসআইআর সংক্রান্ত মামলায় তৃণমূল কংগ্রেসের কোনো অভিযোগ আপাতত শুনতে অস্বীকার করেছে সুপ্রিম কোর্ট।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যে নব গঠিত বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে মন্ত্রিসভার প্রথম বৈঠকে আজ একগুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়। নবান্নের ১৪ তলায় ক্যাবিনেট রুমে মন্ত্রিসভার বৈঠকের পর এক সংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, আয়ুষ্মান ভারত প্রকল্পে – এ রাজ্যকে আজই যুক্ত করা হলো। প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা, বেটি বাঁচাও বেটি পড়াও সহ একাধিক প্রকল্পের সুবিধাও এবার থেকে পাবেন রাজ্যের মানুষ। **রাজ্যে চালু থাকা কোনো সামাজিক সুরক্ষা প্রকল্পই বন্ধ হবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।**

বাইট

শ্রী অধিকারী আরও জানান, সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে প্রয়োজনীয় জমি হস্তান্তর করা হবে। এব্যাপারে দায়িত্ব দেওয়া হয়েছে ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রধান সচিব ও মুখ্য সচিবকে।

জনগণনা সংক্রান্ত কেন্দ্রীয় সরকারের নির্দেশিকাও আজই কার্যকর হচ্ছে বলেও ঘোষণা করেন তিনি। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

এর আগে নবান্নে পৌঁছনোর পরই নতুন মুখ্যমন্ত্রীকে গার্ড অফ অনার দেওয়া হয়। তাঁকে স্বাগত জানান মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা এবং স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ। উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্দিনাথ গুপ্তা। কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ এবং পুলিশ প্রশাসনের অন্য আধিকারিকরা।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ সকালে বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্যের বাড়িতে যান। সেখানে দু-জনে বৈঠকে বসেন।

এরপর রাজ্য সভাপতির সঙ্গে সল্টলেকের দলীয় কার্যালয়ে গেলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে বিশেষভাবে স্বাগত জানান বিজেপি কর্মীরা।

---------------------------

জনস্বার্থের কথা মাথায় রেখে রাজ্যে সরকার, বিভিন্ন দপ্তরের সচিব ও আমলাদের কাজের প্রতি দায়বদ্ধতা সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে বিভিন্ন দপ্তরের সচিবদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু না জানানো হলেও সেখানেই তিনি এই নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। কেউ দায়িত্ব পালন না করলে, তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। নিজেদের মধ্যে সমন্বয় বাড়াতে তাঁকে নিয়ে একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলারও পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

---------------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে রাজ্য মন্ত্রিসভায় পাঁচ মন্ত্রীর দপ্তর বন্টন করা হয়েছে। নবান্নে আজ নব নির্বাচিত বিধায়কদের নিয়ে এক বৈঠকে মুখ্যমন্ত্রী, এই দপ্তরের দায়িত্ব ভাগ করে দেন। দিলীপ ঘোষ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, প্রাণিসম্পদ উন্নয়ন এবং কৃষি বিপনন দপ্তরের দায়িত্ব পেয়েছেন। ক্ষুদিরাম টুডু আদিবাসী উন্নয়ন দপ্তরের পাশাপাশি অনগ্রসর শ্রেণী কল্যাণ ও সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের দায়িত্ব সামলাবেন। অশোক কীর্তনীয়া পেয়েছেন খাদ্য, সরবরাহ ও সমবায় দপ্তরের দায়িত্ব। অগ্নিমিত্রা পালকে নারী কল্যাণ ও পুর বিষয়ক দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। নিশীথ প্রামাণিককে উত্তরবঙ্গ উন্নয়নের পাশাপাশি ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রকেরও দায়িত্ব দেওয়া হয়েছে।

মন্ত্রিসভার বৈঠকের পর বিধায়ক গৌরীশঙ্কর ঘোষ বলেন, ১৫ বছর ধরে রাজ্যে কয়লা, গরু, বালি পাচারের পাশাপাশি আদিবাসীদের সঙ্গেও যে দুর্নীতি হয়েছে, তার ফলে রাজ্যের আর্থিক অবস্থা বেহাল। এক মাসের মধ্যে সবকিছু বন্ধ করা এবং উন্নয়নের কাজ করার জন্য মুখ্যমন্ত্রী বিধায়কদের নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, ব্রিগেডে গত শনিবার শপথ গ্রহণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে এই পাঁচ বিধায়কও, মন্ত্রী পদে শপথ নেন।

-----------------------

রাজ্যের নতুন মুখ্য সচিব হচ্ছেন মনোজ কুমার আগারওয়াল। নবান্নে আজ কর্মী বিষয়ক ও প্রশাসনিক সংস্কার দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি আজ এই নির্দেশ জারি করেছেন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি এই পদে থাকবেন।

উল্লেখ্য মনোজ আগারওয়াল বর্তমানে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পদে রয়েছেন। চলতি বছর ৩১ শে জুলাই তাঁর অবসর গ্রহণের কথা।

-----------------------

এদিকে রাজ্যে মুখ্য সচিবের পদে থাকা দুষ্যন্ত নারিয়ালাকে নতুন দিল্লীতে পশ্চিমবঙ্গ সরকারের অতিরিক্ত মুখ্য সচিব পদে প্রিন্সিপাল রেসিডেন্ট কমিশনার হিসাবে নিয়োগ করেছেন রাজ্যপাল। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি ঐ পদেই থাকবেন।

-----------------------

রাজ্য সরকার, অবসরের বয়সসীমা পেরিয়ে যাওয়ার পরও পুনর্নিয়োগ বা মেয়াদ বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন সরকারি দফতরে এখনও যারা কাজ করছেন, অবিলম্বে তাদের মেয়াদ শেষ করার নির্দেশ দিয়েছে। স্বরাষ্ট্র দফতরের জারি করা নির্দেশিকায় রাজ্যের

সমস্ত দফতরের অতিরিক্ত মুখ্যসচিব, প্রধান সচিব এবং সচিবদের এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। ষাট বছর বয়সের পর যাঁরা পুনর্নিয়োগ বা বর্ধিত মেয়াদে কাজ করছেন, তাঁদের সকলের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য হবে।

একই সঙ্গে রাজ্য সরকারের বিভিন্ন বোর্ড, সংগঠন, বিধিবদ্ধ সংস্থা এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে মনোনীত সদস্য, ডিরেক্টর এবং চেয়ারম্যানদের মেয়াদ অবিলম্বে শেষ করার প্রক্রিয়া শুরু করতে নির্দেশ দেওয়া হয়েছে।

-----------------------

পূর্ব বর্ধমানের মঙ্গলকোটের মাঝিগ্রামে তৃনমুল কংগ্রেসের পার্টি অফিস থেকে পাঁচ বস্তা বিভিন্ন সরকারী প্রকল্পের নথি উদ্ধার হয়েছে।

সরকারী বিভিন্ন প্রকল্পের সুবিধা পাইয়ে দেওয়ার নাম করে এলাকার কয়েক হাজার মানুষের কাছ থেকে এই সব নথি নেওয়া হয়েছিল বলে অভিযোগ বিজেপির।

তাদের আরো অভিযোগ বছর দশেক আগে স্থানীয় এক বাসিন্দার একটি দোকান ঘর জবর দখল করে তৃনমুল পার্টি অফিস করে।

বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর তৃনমুলের ওই পার্টি অফিস বন্ধ হয়ে যায়।বিজেপির পক্ষ থেকে যার ঘর তাকে ফিরিয়ে দেওয়া হয়। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

-----------------------

গ্রামীন এলাকায় প্রতিটি বাড়িতে নল বাহিত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দিতে কেন্দ্র, জল জীবন মিশন প্রকল্পে রাজ্যকে দু হাজার ৭০০ কোটি টাকা দেওয়ার জন্য সম্মতি দিয়েছে। মন্ত্রকের সচিব ও আধিকারিকরা, রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের

আধিকারিকদের সঙ্গে এই নিয়ে এক বৈঠক করেন। সেখানেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। রাজ্য সরকার ও কেন্দ্রের মধ্যে এই মর্মে সমঝোতা স্মারক পত্র - মৌ স্বাক্ষরের পরেই এই টাকা দেওয়া হবে বলে জানা গেছে।

উল্লেখ্য, অনিয়মের অভিযোগে গত দু বছর এই প্রকল্পের টাকা আটকে ছিল।

----------------------

বিকশিত ভারত গ্রামীণ কর্মনিশ্চয়তা এবং আজীবিকা মিশন - ভি বি জি রাম জি আইন ২০২৫ চলতি বছর পয়লা জুলাই থেকে চালু হতে চলেছে। গ্রামীণ উন্নয়ন ও কর্ম সংস্থানে নতুন গতি সঞ্চারের লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের তরফে আজ এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়। গ্রামোন্নয়ন মন্ত্রক সূত্রে জানা গেছে, দেশের সমস্ত গ্রামীণ এলাকায় এই আইন কার্যকর হবে। এর ফলে গ্রামীণ ভারতের ক্ষমতায়নে প্রতি আর্থিক বছরে ১২৫ দিনের কর্ম সংস্থান সুনিশ্চিত হবে।

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছে, রাজ্যগুলির সঙ্গে বিস্তারিত আলোচনা করেই এই আইন রূপায়নের প্রক্রিয়া চলেছে। তবে কোনো শ্রমিক যাতে কাজ থেকে বঞ্চিত না হন, তা সুনিশ্চিত করার জন্য সবরকমের ব্যবস্থা নেওয়া হয়েছে বলে তিনি আশ্বাস দেন।

----------------------

দেশীয় খেলনা শিল্পকে বিশ্বমঞ্চে তুলে ধরতে ভারত সরকারের বড় উদ্যোগ — “ন্যাশনাল অ্যাকশন প্ল্যান ফর টয়েস”।

শিক্ষা, সংস্কৃতি ও আত্মনির্ভরতার বার্তা নিয়ে নতুন সম্ভাবনার দরজা খুলছে ভারতীয় খেলনা শিল্প।

একটি প্রতিবেদন –

-----------------------

শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় উত্তরপ্রদেশ থেকে ধৃত ৩ জনকে তেরো দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। তিন অভিযুক্ত ময়ঙ্করাজ মিশ্র, ভিকি মৌর্য এবং রাজ সিংহ- কে উত্তরপ্রদেশ থেকে কলকাতায় আনার পরে আজ মেডিকেল পরীক্ষা শেষে বারাসতের এসিজেএম আদালতে তোলা হয়। অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এই নির্দেশ দেন। এরা সকলেই শার্প শুটার বলে জানা গেছে। ধৃতদের মধ্যে ২ জন উত্তরপ্রদেশের এবং একজন বিহারের বাসিন্দা।

-----------------------

পশ্চিমবঙ্গের এসআইআর সংক্রান্ত মামলায় তৃণমূল কংগ্রেসের কোনো অভিযোগ আপাতত শুনতে অস্বীকার করেছে সুপ্রিম কোর্ট। দলের তরফে আজ শীর্ষ আদালতে দাবি করা হয়, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর-এ ৯০ লক্ষের বেশি নাম বাদ গেছে। সাম্প্রতিক বিধানসভা নির্বাচনে বেশ কিছু কেন্দ্রে এর প্রভাব পড়েছে।

প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের রিপোর্ট দেখার পরই শীর্ষ আদালত এই আবেদনের বিষয়ে শুনানি করবে।

তৃণমূল কংগ্রেসকে এ ব্যাপারে বিস্তারিত তথ্য জানিয়ে আবেদন করতে বলেছে, সর্বোচ্চ আদালত।

----------------------- -----------------------